

ফতওয়া নং ২৮১

প্রশ্ন:

সম্মানিত মুফতি সাহেব, আমার জিজ্ঞাসা এই যে, স্বামীর মৃত্যু হলে-স্ত্রীর কে কতদিন ইদত পালন করতে হবে, আর সেই সময় কোন কাজগুলো করা যাবে, আর কনটা করা যাবে না, আর ইদতের পর, পূর্বের মতোই কী সমস্ত সাজসজ্জা কালার পোশাক পড়া যাবে কী.? সম্মানিত মুফতি সাহেব- বিস্তারিত বললে খুব উপকৃত হতাম,

উত্তর:

কোন মহিলার স্বামী মারা গেলে, চারমাস দশ দিন ইদত পালন করা ও ইদতের দিনগুলোতে শোক পালন করা তার উপর ওয়াজিব। শোক পালন কালে সাজসজ্জা করবে না। রঙিন বা জাফরানী রঙের কাপড় পরিধান করবে না। সুগন্ধি, তৈল, সুরমা ও মেহেদী ব্যবহার করবেনা। তবে ওষর বশতঃ ব্যবহারের অনুমতি আছে। স্বামীর ঘর হতে বের হবে না। তবে প্রয়োজনে দিনের বেলা বের হতে পারবে, কিন্তু রাতে স্বামীর ঘরে থাকতে হবে। তবে কেউ জোর পূর্বক বের করে দিলে অথবা ঘর ধ্বংসে পড়লে বা স্বীয় জান মালের উপর হুমকি দেখা দিলে স্বামীর ঘর থেকে বেরিয়ে যাওয়া জায়েয আছে।(মালাবুদ্দামিনহ)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১২ শাবান, ১৪৪৫ হিজরী (23/02/2024)